ইত্তেফাক

J 045

তারিখ ... 4/10/78 ...
পৃষ্ঠা ... 4 কলাম 5 ...

কাজী জাফর আহমদ

পাবনা K.Z

পাবনা হইতে ইত্তেফাক সংবাদদাতার তারবার্তা ঃ পাবনা এডওয়ার্ড কলেজ মিলনায়তনে আয়োজিত জেলা শিক্ষা ওয়ার্কশপে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, গণতান্ত্রিক এবং মাণবিক মূল্যবোধ পুনরুদ্ধার করার জন্য আমাদের অবিরাম প্রচেষ্টা চালাইতে হইবে। জাতীয় শিক্ষানীতিতে অবশ্যই জনগণের সামাজিক ও ধর্মীয় আশা-আকাংক্ষার প্রতিফলন এবং দেশের উৎপাদন বৃদ্ধির সহায়ক হইতে হইবে।

কাজী জাফর আহমদ বলেন, গণতন্ত্র পুনরুজ্জীবিত করার জন্য শক্তিশালী বিরোধী দল কাজ করিতে দেওয়া উচিত এবং মন্ত্রিত্ব হইতে অপসারণ করা হইলেও তিনি গণতান্ত্রিক ও প্রগতিশীল আন্দোলন চালাইয়া যাইবেন।